জামিল ইকবাল এনআরবি ব্যাংকের ভাইস চেয়ারম্যান পুনর্নির্বাচিত

চেম্বার ডেস্ক::
এনআরবি ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদের সভায় সর্বসম্মতিক্রমে ব্যাংকের ভাইস চেয়ারম্যান হিসেবে পুনঃনির্বাচিত হয়েছেন মোঃ জামিল ইকবাল । গত ২৫ আগস্ট ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় তাকে পুনঃনির্বাচিত করা হয়। মোঃ জামিল ইকবাল বাংলাদেশ ও যুক্তরাজ্যের যৌথ নাগরিক। তিনি দেশের অন্যতম বৃহত্তম কনস্ট্রাকশন কোম্পানি জামিল ইকবাল লিমিটেডের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান। সিলেটের বিয়ানীবাজার উপজেলার আখাখাজনা বড়বাড়ি গ্রামের স্বনামধন্য পরিবারের জন্মগ্রহণকারী জামিল ইকবাল দেশের অন্যতম বৃহৎ কনস্ট্রাকশন মেশিনারিজের আমদানিকারক। তিনি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের একজন সদস্য। জামিল ইকবাল সিলেটের সর্বোচ্চ কর প্রদানকারী হিসেবে বাংলাদেশ সরকার কর্তৃক সাতবার জাতীয় পুরস্কার অর্জন করেন।